

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুন বাগিচা, ঢাকা।
www.udd.gov.bd
e-mail: directorudd1965@gmail.com
Fax : ৯৫৫৭৮৬৮

স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৭.১৭

তারিখঃ ১০/৫/২০১৭

প্রাপকঃ পরিচালক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং- ১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের জমি অধিগ্রহণ বিষয়ে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রসঙ্গে।

সূত্রঃ নথি নং-ইআবি/ পওউ/০৩/২০১৫/৫৯, তারিখ-২০/০৪/২০১৭।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চাওয়া হয়েছে। প্রকল্পের আওতায় স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন ঘাটারচর এবং মধ্যেরচর মৌজায় ২০.০০ একর (কম/বেশী) জমি অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে সরজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন করে মধ্যেরচর মৌজার আর এস দাগ নং ২ এ বৈদ্যুতিক হাই ভোল্টেজ টাওয়ার পাওয়া গেছে। RAJUK কর্তৃক উক্ত এলাকার ৪ ও ১০ আর এস (R.S) দাগ নং বন্যা প্রবাহ এলাকা হিসেবে চিহ্নিত আছে এবং বাকি চাহিত ঘাটারচর এবং মধ্যেরচর মৌজা এলাকা Rural Settlement Zone হিসেবে চিহ্নিত রয়েছে। RAJUK কর্তৃক মধ্যেরচর মৌজায় ৪ ও ১০ নং দাগ বাদ দিয়ে অনাপত্তিপত্র দেওয়া হয়েছে (স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০১৬-৩৪৫, তারিখঃ ১৯/০৪/২০১৭)।

এমতাবস্থায়, মধ্যেরচর এলাকার ৪ ও ১০ নং আর এস (R.S) দাগ নম্বর বাদে, বৈদ্যুতিক হাই ভোল্টেজ টাওয়ার এর উপর বিধি বিধান সাপেক্ষে এবং বাকি জমির এলাকার গেজেটের মাধ্যমে ভূমি ব্যবহার পরিবর্তন করার শর্ত সাপেক্ষে জনস্বার্থে উক্ত এলাকার জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নেই।

সংযুক্তিঃ Rural Settlement Zone এর
Permitted Conditional Use এর তালিকা

স্বাঃ

(কাজী মোঃ ফজলুল হক)
সিনিয়র প্ল্যানার (রিজিওন্যাল প্ল্যানিং)
নগর উন্নয়ন অধিদপ্তর
ফোনঃ ৯৫৭২২৮১

নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২০৭.১৭

১০৪৮/৪(১০)

তারিখঃ ১০/৫/২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৩। উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪। জনাব মোঃ মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ]

৫। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। অফিস কপি

১০/৫/১৭
৩১.০৫.১৭
(ইসরাত জাহান)
প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর